# ১৬ তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সহকারী জজ) পরীক্ষা ২০২৩

অপরাধ সংক্রান্ত আইন

**বিষয় কোড ঃ ৬৬**

সময়-৩ঘন্টা [ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক] পূর্ণমান-১০০

[বাংলা অথবা ইংরেজি যে-কোনো একটি ভাষায় উত্তর দিতে হবে। তবে টেকনিক্যাল শব্দগুলো যে-কোনো ভাষায় লেখা যাবে।

**'ক' অংশ ঃ যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন; (২x২০=৪০)**

১। ক) কোনো মামলার তদন্তে আসামীকে ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণের জন্য পর্যাপ্ত সাক্ষ্য পাওয়া না গেলে তদন্তকারী কর্মকর্তার করণীয় কী? তদন্তে আসামীর বিরুদ্ধে পর্যাপ্ত সাক্ষ্য পাওয়া গেলে সেক্ষেত্রে অফিসার ইন চার্জ ও ম্যাজিস্ট্রেট কী করবেন?

খ) নিম্নলিখিত কার্যক্রমসমূহের আইনগত বৈধতা নিরূপণ করুন?

i) একটি মামলায় ম্যাজিস্ট্রেট থানার অফিসার ইন চার্জকে অধিকতর তদন্তের আদেশ দিলেন এবং একইসাথে অধিকতর তদন্ত শেষে অভিযোগপত্র দাখিলের নির্দেশ দিলেন।

ii) একটি মামলায় অভিযোগপত্র দাখিলের পর তদন্তকারী কর্মকর্তা অধিকতর তদন্তের অনুমতি প্রার্থনা করে ম্যাজিস্ট্রেট বরাবর আবেদন করলেন।

iii) একটি মামলায় অভিযোগপত্র দাখিলের পরে ভবিরুদ্ধে আসামী এই সংক্ষোভ প্রকাশে নারাজি দরখাস্ত দাখিল করলেন যে, সঠিকভাবে তদন্ত ছাড়াই অভিযোগপত্র দাখিল করা হয়েছে।

iv) ম্যাজিস্ট্রেট ফরিয়াদীকে The Code of Criminal Procedure, 1898 এর Section 200 মোতাবেক পরীক্ষা না করে নালিশকে First Information Report (FIR) গণ্যে মামলার তদন্ত করার জন্য অফিসার ইন চার্জকে আদেশ দিলেন।

v) ম্যাজিস্ট্রেট কার্যক্রম গ্রহণের মতো পর্যাপ্ত ভিত্তি নেই পর্যবেক্ষণে একটি নালিশ খারিজ করলেন। উক্ত আদেশের বিরুদ্ধে রিভিশনে দায়রা জজ অপরাধ আমলে নেওয়ার জন্য ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দিলেন।

২। ক) প্রাথমিক তথ্য বিবরণী (FIR) কী? কোন তথ্য প্রাথমিক তথ্য বিবরণী (FIR) হিসাবে গণ্যযোগ্য? প্রাথমিক তথ্য বিবরণী (FIR) এর সাক্ষ্যগত মূল্য কী?

খ) ম্যাজিস্ট্রেট কোন বিবেচনার ভিত্তিতে অপরাধ আমলে নেন? কোনো অপরাধ আমলে নেওয়ার ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের ক্ষমতা না থাকলে তিনি কী করবেন? নালিশ খারিজ সংক্রান্তে আদেশের বিরুদ্ধে অভিযোগকারীর প্রতিকার কী?

গ) X, একজন বাড়ির মালিক নিকটস্থ থানায় এই মর্মে সংবাদ দেন যে, তার ভাড়া দেওয়া কক্ষের মধ্যে সিলিং ফ্যানে একটি মৃতদেহ ঝুলছে ও কক্ষটি ভিতরের দিক থেকে তালা দেওয়া আছে। উক্ত সংবাদ পাওয়ার পরে পুলিশ কর্মকর্তার আইনানুযায়ী করণীয় কী?

৩। ক) দায়রা আদালত কর্তৃক মামলা বিচারের ক্ষেত্রে অনুসরণযোগ্য পদ্ধতি কী?

খ) একই ঘটনাসূত্রে সংঘটিত একাধিক অপরাধের ক্ষেত্রে কয়টি বিচার হবে? আসামীর উপস্থিতির জন্য ধার্য দিনে অভিযোগকারীর অনুপস্থিতির ফল কী? অভিযোগ গঠনের আগে ও পরে নালিশ প্রত্যাহারের পরিণতি কী?

গ) X কে The Penal Code, 1860 এর Section 408 এর অধীনে শাস্তিযোগ্য অপরাধ সংঘটনের দায়ে অভিযুক্ত করা হয়। আদালত X কে Section 381 এর অধীনে শাস্তিযোগ্য অপরাধ সংঘটনের দায়ে দোষী সাব্যস্ত ও দণ্ডিত করেন। উক্ত দোষী সাব্যস্তকরণ ও দণ্ডিতকরণ বৈধ কি? প্রাসঙ্গিক আইনের বিধান উল্লেখপূর্বক উত্তর দিন।

**'খ' অংশ যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২x২০-৪০)**

৪। ক) বিচারকের কাজ; দূর্ঘটনা: ক্ষতির আশঙ্কাযুক্ত কাজ কখন ও কোন অবস্থায় অপরাধ নয়?

খ) A, আদালতের সামনে একটি বৈচারিক কার্যধারায় একটি দলিল জাল জেনে তা আসল হিসাবে ব্যবহার করেন। A কোন ধারার অধীনে শাস্তিযোগ্য অপরাধ করেছেন? উক্ত অপরাধের জন্য The Penal Code, 1860-তে ব্যবস্থিত সর্বোচ্চ শাস্তি কী?

গ) X, Z-কে জাপটে ধরেন, এবং Z-র সম্মতি ব্যতিরেকে প্রতারণামূলকভাবে Z-র পোষাক থেকে Z-র অর্থ ও গহনা নেন। X কোন ধারার অধীনে শাস্তিযোগ্য অপরাধ করেছেন? উক্ত অপরাধের জন্য The Penal Code, 1860-তে ব্যবস্থিত সর্বোচ্চ শাস্তি কী?

৫। The Penal Code, 1860 অনুযায়ী নিম্নলিখিত অপরাধসমূহের মধ্যে পার্থক্য নিরূপণ করুন ঃ

ক) মনুষ্য হরণ ও অপহরণ; খ) বাংলাদেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা ও রাষ্ট্রদ্রোহ;
গ) অপরাধমূলক আত্মসাৎ ও অপরাধমূলক বিশ্বাসভঙ্গ; ঘ) সপ্তাহ নরহত্যা ও খুন।

৬। ক) X, Y -কে অর্থ প্রদান না করলে, Y, X সম্পর্কে কুৎসামূলক লেখা প্রকাশের ভয় দেখান ও এরূপে Y তাকে অর্থ প্রদান করতে X-কে প্রবৃত্ত করেন। Y কোন অপরাধ করেছেন ও ঐ অপরাধের উপাদান উল্লেখ করুন।

খ) X, Z-এর ঘর পোড়ানোর জন্য Y কে প্ররোচিত করেন। Y ঐ ঘরে আগুন লাগান এবং সেই সঙ্গে সেখানে সম্পত্তি চুরি করেন। X কি চুরিতে প্ররোচনার জন্য দোষী? সুনির্দিষ্ট বিধান উল্লেখে উত্তর দিন।

**'খ' অংশ যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২x২০-৪০)**

৪। ক) বিচারকের কাজ; দূর্ঘটনা: ক্ষতির আশঙ্কাযুক্ত কাজ কখন ও কোন অবস্থায় অপরাধ নয়?

খ) A, আদালতের সামনে একটি বৈচারিক কার্যধারায় একটি দলিল জাল জেনে তা আসল হিসাবে ব্যবহার করেন। A কোন ধারার অধীনে শাস্তিযোগ্য অপরাধ করেছেন? উক্ত অপরাধের জন্য The Penal Code, 1860-তে ব্যবস্থিত সর্বোচ্চ শাস্তি কী?

গ) X, Z-কে জাপটে ধরেন, এবং Z-র সম্মতি ব্যতিরেকে প্রতারণামূলকভাবে Z-র পোষাক থেকে Z-র অর্থ ও গহনা নেন। X কোন ধারার অধীনে শাস্তিযোগ্য অপরাধ করেছেন? উক্ত অপরাধের জন্য The Penal Code, 1860-তে ব্যবস্থিত সর্বোচ্চ শাস্তি কী?

৫। The Penal Code, 1860 অনুযায়ী নিম্নলিখিত অপরাধসমূহের মধ্যে পার্থক্য নিরূপণ করুন ঃ

ক) মনুষ্য হরণ ও অপহরণ; খ) বাংলাদেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা ও রাষ্ট্রদ্রোহ;

গ) অপরাধমূলক আত্মসাৎ ও অপরাধমূলক বিশ্বাসভঙ্গ; ঘ) সপ্তাহ নরহত্যা ও খুন।

৬। ক) X, Y -কে অর্থ প্রদান না করলে, Y, X সম্পর্কে কুৎসামূলক লেখা প্রকাশের ভয় দেখান ও এরূপে Y তাকে অর্থ প্রদান করতে X-কে প্রবৃত্ত করেন। Y কোন অপরাধ করেছেন ও ঐ অপরাধের উপাদান উল্লেখ করুন।

খ) X, Z-এর ঘর পোড়ানোর জন্য Y কে প্ররোচিত করেন। Y ঐ ঘরে আগুন লাগান এবং সেই সঙ্গে সেখানে সম্পত্তি চুরি করেন। X কি চুরিতে প্ররোচনার জন্য দোষী? সুনির্দিষ্ট বিধান উল্লেখে উত্তর দিন।

গ) A, Z এর বিরুদ্ধে B এর পাঁচ হাজার টাকার একটি ন্যায্য দাবীর বিচারে ঐ দাবীর সমর্থনে মিথ্যাভাবে হলফ করেন যে, তিনি Z কে B এর দাবীর ন্যায্যতা স্বীকার করতে শুনেছেন। A কোন অপরাধ করেছেন ও ঐ অপরাধের উপাদান উল্লেখ করুন।

ঘ) X, Y এর বাক্সে এই অভিপ্রায়ে কিছু অলংকার রাখেন যে, ঐ অলংকার ঐ বাক্সে পাওয়া যেতে পারে এবং এই ঘটনায় Y চুরির অপরাধে দণ্ডিত হতে পারেন। X কোন অপরাধ করেছেন ও ঐ অপরাধের উপাদান উল্লেখ করুন।

গ) A, Z এর বিরুদ্ধে B এর পাঁচ হাজার টাকার একটি ন্যায্য দাবীর বিচারে ঐ দাবীর সমর্থনে মিথ্যাভাবে হলফ করেন যে, তিনি Z কে B এর দাবীর ন্যায্যতা স্বীকার করতে শুনেছেন। A কোন অপরাধ করেছেন ও ঐ অপরাধের উপাদান উল্লেখ করুন।

ঘ) X, Y এর বাক্সে এই অভিপ্রায়ে কিছু অলংকার রাখেন যে, ঐ অলংকার ঐ বাক্সে পাওয়া যেতে পারে এবং এই ঘটনায় Y চুরির অপরাধে দণ্ডিত হতে পারেন। X কোন অপরাধ করেছেন ও ঐ অপরাধের উপাদান উল্লেখ করুন।

**'গ' অংশ ঃ যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দিন; (১x২০=২০)**

৭। ক) মৃত্যুকালীন ঘোষণা বলতে কী বুঝেন? মৃতুকালীন ঘোষণাকারী বেঁচে গেলে উহা সাক্ষ্য হিসাবে গৃহীত হবে কি? ব্যাখ্যা করুন।

খ) 'Oral evidence must be direct.' - ব্যতিক্রমসহ ধারণাটি The Evidence Act, 1872 এর আলোকে ব্যাখ্যা করুন।

গ) দোষ স্বীকারুক্তি কী? দোষ স্বীকারুক্তিকারী ও সহ-আসামীর বিরুদ্ধে দোষ স্বীকারুক্তি ব্যবহার করার আইনানুগ শর্ত কী কী? দোষ স্বীকারুক্তি সত্য-কিন্তু স্বেচ্ছা প্রণোদিত না হলে অথবা স্বেচ্ছা প্রণোদিত কিন্তু সত্য না হলে তা আসামীর বিরুদ্ধে ব্যবহার্য কি? সংশ্লিষ্ট আইনের আলোকে আলোচনা করুন।

৮। নিম্নলিখিত যে-কোনো চারটি বিষয়ে The Evidence Act, 1872 এর আলোকে সংক্ষিপ্ত টিকা লিখুন ঃ

ক) সাক্ষ্য; খ) সাক্ষ্য দেওয়ার যোগ্যতা; গ) সাক্ষীর পরীক্ষাক্রম;

ঘ) সরকারি দলিল; ঙ) প্রাসঙ্গিক বিষয়।

**[English Version]**

## 16th BJS Examination, 2023

## Laws relating to Crimes

**Part-A: Answer any two (2×20=40)**

1. a) What will be the course of action of an Investigating Officer if no sufficient evidence is found upon investigation for forwarding the accused to the Magistrate? What an officer in charge and a Magistrate would do, if after investigation sufficient evidence is found against an accused?

b) Ascertain the legality of the following proceedings:

i) A Magistrate ordered the officer in charge to make further investigation into a case and at the same time to submit charge sheet after further investigation.

ii) After submission of charge sheet the Investigating Officer applied to the Magistrate seeking permission for further investigation.

iii) After submission of the charge sheet in a case the accused filed a Naraji petition expressing grievance that charge sheet was submitted without proper investigation.

iv) A Magistrate, without examining the complainant under section 200 of the Code of Criminal Procedure, 1898, directed the officer in charge to investigate into the case treating the complaint as First Information Report (FIR).

v) A Magistrate dismissed a complaint observing that there was no sufficient ground for action. In revision against the order, the Sessions Judge directed the Magistrate to take cognizance of offence.

2. a) What is First Information Report (FIR)? Which information may be treated as First Information Report (FIR)? What is the evidentiary value of the First Information Report (FIR)?
   b) Upon which considerations the Magistrate takes cognizance of an offence? What a Magistrate would do if he is not competent to take cognizance of an offence? What remedy is available to the complainant against an order of dismissal of the complaint?
   c) X, a house owner, informs the nearest police station that a dead body is hanging down from a ceiling fan in the room let on rent by him and locked from within. What is the duty as per law of the Police Officer after receiving such information?
3. a) What procedure is to be followed by Court of Sessions for trial of cases?
   b) How many number of trials to be conducted for more than one offence committed in the same course of transaction? What would be the effect of non-appearance of the complainant on the day appointed for the appearance of the accused? What would be the effect of withdrawal of complaint before or after framing of charge?
   c) X was charged with offence punishable under Section 408 of the Penal Code, 1860. The Court convicted and sentenced X for offence punishable under section 381. Are the aforesaid conviction and sentence legal? Answer with reference to relevant provisions of law.

## Part-B: Answer any two (2x20=40)

4. a) When and under what circumstances the act of Judge; accident; act likely to cause harm are not offences?
   b) A, in a judicial proceeding before a Court, uses as genuine a document which he knows to be forged. Under which section the offence committed by A is punishable? What is the maximum sentence prescribed in the Penal Code, 1860 for that offence?
   c) X holds Z down and fraudulently takes Z's money and jewels from Z's cloths, without Z's consent. Under which section the offence committed by A is punishable? What is the maximum sentence prescribed in the Penal Code, 1860 for that offence?
5. Distinguish between the following offences according to the Penal Code, 1860:
   a) Kidnapping and Abduction;
   b) Waging war against Bangladesh and Sedition;
   c) Criminal misappropriation and Criminal breach of trust;
   d) Culpable homicide and Murder.
6. a) Y threatens to publish a defamatory label concerning X unless X gives him money and thus induces X to give him money. What offence Y has committed and mention the elements of that offence.
   b) X instigates Y to burn Z's house. Y sets fire to the house and at the same time commits theft of property there. Is X guilty for abetting theft? Answer with reference to specific provisions.
   c) A, in support of a just claim which B has against Z for five thousand taka falsely swears on a trial that he heard Z admit the justice of B's claim. Which offence A has committed and mention the elements of that offence.
   d) X puts jewels into a box belonging to Y, with intention that they may be found in that box, and that this circumstance may cause Y to be convicted of theft. Which offence X has committed and mention the elements of that offence.

## Part-C: Answer any one (1×20=20)

7. a) What do you understand by dying declaration? Would the dying declaration be accepted as evidence if its maker survives? Explain.
   b) 'Oral evidence must be direct.'-Explain the concept with exceptions in the light of the Evidence Act, 1872.
   c) What is confession? What are the legal requirements for using confession against the confessor and co-accused? Can confession which is true but not voluntary or voluntary but not true be used against the accused? Discuss in the light of relevant laws.
8. Write short notes on any four of the following topics in the light of the Evidence Act, 1872.
   a) Evidence;
   b) Competency to testify;
   c) Order of examination of witnesses;
   e) Relevant fact.
   d) Public documents;


নিশ্চয় সেরাদের সেরা
ড. সিদ্দিক পাবলিকেশন্স
লেখক
হুমায়রা সিদ্দিকা হুমাসা এবং ড. আবু বকর সিদ্দিক
সহায়ক গ্রন্থাবলী ঃ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও একাদশ শ্রেণী
পাঠ্য বই ঃ HSC, B.Sc এবং M.Sc 01511 483701, 01979 483701
ভর্তি পরীক্ষা ঃ বুয়েট, মেডিকেল, ঢাবি, জাবি, রাবি, চবি, গুচ্ছ, কৃষি, নার্সিং-মিডওয়াইফারি
চাকুরী ঃ বিসিএস, শিক্ষক নিবন্ধন, সহকারী জজ নিয়োগ এবং প্রাথমিক শিক্ষক নিয়োগ
ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার